



Government of the People's Republic of Bangladesh
Local Government Division, MoLGRD&C



Strengthening Women's Ability for Productive New Opportunities (SWAPNO) Project

IDB Bhaban, (Level-1), E/8-A Begum Rokeya Sharani, Sher-e Bangla Nagar, Agargaon, Dhaka-1207

স্মারক নং: স্থাসবি/স্বপ্ন/বিবিধ পত্র/৩য় চক্র/২০২৩/৬৫১

তারিখ: ১২ জুলাই, ২০২৩

বরাবর,
জেলা প্রশাসক,
শেরপুর।


বিষয় : “উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন)” প্রকল্পের দ্বিতীয় পর্যায়ের ডিজিটাল পদ্ধতিতে পরীক্ষামূলকভাবে উপকারভোগী নির্বাচন প্রক্রিয়ার অনুমতি প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বিনীতভাবে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের আওতায় এবং ইউএনডিপি বাংলাদেশ এর কারিগরি সহায়তায় গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে “উৎপাদনশীল ও সম্ভাবনাময় কর্মের সুযোগ গ্রহণে নারীর সামর্থ্য উন্নয়ন (স্বপ্ন)” শীর্ষক উন্নয়ন প্রকল্পটি এপ্রিল-২০১৫ হতে বাস্তবায়নধীন রয়েছে। ইতোমধ্যে প্রকল্পটি কুড়িগ্রাম, সাতক্ষীরা, লালমনিরহাট, গাইবান্ধা ও জামালপুর জেলার ২৫ টি উপজেলার ২২৩ টি ইউনিয়নে বাস্তবায়ন করা হয়েছে। পূর্বের সফলতার উপর ভিত্তি করে প্রকল্পটির দ্বিতীয় পর্যায় বাস্তবায়ন (১২ টি জেলায় ৩২ টি উপজেলায় ও ২৮৩ টি ইউনিয়নে) একনেক অনুমোদনের জন্য অপেক্ষমান, এর মধ্যে শেরপুর জেলা অন্যতম। প্রকল্পে বাংলাদেশ সরকার, সুইডেন দূতাবাস, ইউএনডিপি ও ম্যারিকো বাংলাদেশ সম্মিলিতভাবে অর্থায়ন করবে।

উল্লেখ্য, স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে দ্বিতীয় পর্যায় প্রকল্পের উপকারভোগী বাছাই প্রক্রিয়া আরো সহজ ও নিরপেক্ষতা নিশ্চিত করার লক্ষ্যে ডিজিটাল প্রক্রিয়া অন্তর্ভুক্ত করা হয়েছে যা ইতিমধ্যে লালমনিরহাট জেলার রাজপুর ইউনিয়নে সফল পরীক্ষা চালানো হয় এবং এরই ধারাবাহিকতায় শেরপুর জেলার নলিতাবাড়ী উপজেলার বাগবেড় ইউনিয়নে ২৫ জুলাই, ২০২৩ উপকারভোগী বাছাইয়ে ডিজিটাল প্রক্রিয়া পরীক্ষামূলকভাবে প্রয়োগ করা হবে।

প্রস্তাবিত কর্মসূচী বাস্তবায়নে আপনার একান্ত সহযোগিতা কামনা করছি এবং এতদসংশ্লিষ্ট সকলের অংশগ্রহণের জন্য অনুরোধ করছি।


(ড. কাজল চ্যাটার্জী)
জাতীয় প্রকল্প ব্যবস্থাপক
SWAPNO প্রকল্প
ফোনঃ ০১৭৩০০১৪০৩২

ইমেইল: kajal.chatterjee@undp.org

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. এএইচএম কামরুজ্জামান, যুগ্ম সচিব, স্থানীয় সরকার বিভাগ
২. উপ-পরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, নলিতাবাড়ী।
৪. চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ।
৫. জেলা ব্যবস্থাপক, স্বপ্ন প্রকল্প, শেরপুর।